




স্মারক নং: বা: স্কা: (আন্তর্জাতিক ২৫৭.২০২৪)/ ৫৪৭ (126)/2024

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১  
২৬ সেপ্টেম্বর ২০২৪

## Hong Kong WE@FUTURE Jamboree in Mainland China

স্কাউট অ্যাসোসিয়েশন অব হংকং (SAHK) নিম্নবর্ণিত একটি জাম্বুরী চীনে (Mainland China) আয়োজন করবে এবং বাংলাদেশ স্কাউটস থেকে উক্ত জাম্বুরীতে একটি কন্টিনজেন্ট প্রেরণের জন্য আবেদন আহ্বান করা হচ্ছে। বিস্তারিত তথ্যাবলী নিম্নরূপ:

ইভেন্ট	: Hong Kong WE@FUTURE Jamboree.
তারিখ	: ২৩ - ২৭ ডিসেম্বর ২০২৪।
ভেন্যু	: কিয়া দোপা উপকূল, জুহাই, চীন (Mainland China).
অতিরিক্ত ভ্রমণ	: হংকং। এটি জাম্বুরী শুরুর পূর্বে ২১ - ২৩ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিত হবে।
অ্যাডাল্ট লিডার	: কমপক্ষে উডব্যাডজ অর্জনকারী।
স্কাউট	: কমপক্ষে স্ট্যান্ডার্ড ব্যাজধারী। বয়স : জন্ম : ২২ ডিসেম্বর ২০১০ থেকে ২২ ডিসেম্বর ২০০৬ এর মধ্যে।
পূর্ণাঙ্গ ইউনিট	: ৯ জন স্কাউট ও ১ জন ইউনিট লিডার নিয়ে একটি ইউনিট গঠিত হবে এবং নির্বাচিত স্কাউটদের নিয়ে বাংলাদেশ স্কাউটস পূর্ণাঙ্গ ইউনিট তৈরী করবে।
খরচ	: হংকং ভ্রমণসহ অংশগ্রহণ ব্যয় কমবেশি টাকা = ১,৯৫,০০০.০০ (এক লক্ষ পঁচানব্বই হাজার) মাত্র হতে পারে। এই ব্যয়ের মধ্যে রেজিস্ট্রেশন ফি, বিমান ভাড়া, খাদ্য, আবাসন, কন্টিনজেন্ট কিটস, ভিসা সার্ভিস চার্জ অন্তর্ভুক্ত থাকবে। বৈশ্বিক অর্থনৈতিক অবস্থা, ডলার রেট ও কন্টিনজেন্ট পরিকল্পনা প্রভৃতি কারণে অংশগ্রহণ ব্যয় কমবেশি হতে পারে যা অংশগ্রহণকারীকে বহন করতে হবে। উল্লিখিত ব্যয়ের সাথে বাংলাদেশ স্কাউটসের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না। ইভেন্ট শেষে প্রকৃত আয় ও ব্যয় সমন্বয় করা হবে।
অর্থ জমা প্রদান	: চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পূর্বে আবেদনকারীদের বাংলাদেশ স্কাউটসে কোন অর্থ জমা প্রদান করতে হবে না। জাতীয় সদর দফতর থেকে পরবর্তীতে অর্থ জমা প্রদানের তারিখ, পরিমাণ ইত্যাদি বিষয়ে লিখিতভাবে অবহিত করা হবে।
আবেদন ফরম জমাদান	: সকল আগ্রহী আবেদনকারীকে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে আবেদন করতে হবে। অঞ্চলসমূহ আগামী ১৫ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে অগ্রায়নপত্রসহ (Forwarding Letter) আবেদন ফরম জাতীয় সদর দফতরে প্রেরণ করবে। নির্দিষ্ট তারিখের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। পরিপত্র ও আবেদন ফরম বাংলাদেশ স্কাউটসের ওয়েবসাইটে ( <a href="http://www.scouts.gov.bd">www.scouts.gov.bd</a> ) পাওয়া যাবে।

  
২৬/০৯/২০২৪  
(উনু চিং)

নির্বাহী পরিচালক (অ.দা)

ফোন : ০২ - ২২২২২২০৭১৪

ইমেইল : [ir@scouts.gov.bd](mailto:ir@scouts.gov.bd)

### বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। আঞ্চলিক উপ কমিশনার (আন্তর্জাতিক), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ৩। আঞ্চলিক পরিচালক / উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ৪। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল)।

### সদয় জ্ঞাতার্থে :

- ১। সভাপতি, বাংলাদেশ স্কাউটস;
- ২। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- ৩। সভাপতি / কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।